

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ জানুয়ারী ২০২৩ খ্রি.

অষ্টপ্রহর মহোৎসব ও ধর্মসভায় ভারপ্রাপ্ত মেয়র অসাম্প্রদায়িক রাষ্ট্র প্রতিষ্ঠাই ছিল মুক্তিযুদ্ধের মূল লক্ষ্য

বঙ্গবন্ধুকন্যা জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রচেষ্টায় সংখ্যালঘুদের স্বাধীনভাবে ধর্ম চর্চার পরিবেশ প্রতিষ্ঠিত হয়েছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন। সোমবার ফিরিঙ্গি বাজার সেবক কলোনীতে অষ্টপ্রহর মহোৎসব ও মহতী ধর্মসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মুক্তিযুদ্ধের মূল লক্ষ্য ছিল একটি অসাম্প্রদায়িক রাষ্ট্র প্রতিষ্ঠা করা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে ফিরেই প্রথম সংবিধানের মাধ্যমে সব ধর্মের মানুষের ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করেছিলেন। কিন্তু ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যার মধ্যদিয়ে অসাম্প্রদায়িক চেতনাকে নষ্ট করা হয়। প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ১৯৯৬ সালে সরকার গঠন করার পর সেই হারানো চেতনা ফিরিয়ে আনতে প্রচেষ্টা চালান। শেখ হাসিনার একটি স্লোগান ধর্ম যার যার রাষ্ট্র সবার, ধর্ম যার যার উৎসব সবার। এই চেতনার ভিত্তিতে আজ দেশ এগিয়ে যাচ্ছে। এসময় প্রধানমন্ত্রীর অনুদানে সেবকদের আবাসন প্রকল্পের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রকৌশলী ও ঠিকাদারদের নির্দেশনা দেন ভারপ্রাপ্ত মেয়র।

অভয়মিত্র ঘাট চত্বরে সূজন দাশের সভাপতিত্বে মহতী ধর্ম সভায় আরো বক্তব্য রাখেন কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, নুর মোস্তফা টিনু, ভারপ্রাপ্ত প্রধান সর্দার সুরেশ দাশ, সর্দার মহাবীর দাশ, সর্দার রতন, হরিচাদ সর্দার, বলরাম সর্দার, সেবক কলোনীর সাবেক সভাপতি দিলীপ প্রসাদ দাশ, ওম প্রকাশ দাশ খোকন, রনি দাশ, যতন দাশ প্রমুখ।

নগরীর ছোট বড় সব সড়ক শুকনো মৌসুমে ঝকঝকে হয়ে যাবে ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন

শুকনো মৌসুমের আগেই নগরীর ছোট-বড় সব সড়কের সংস্কার কাজ সম্পন্ন করার ব্যাপারে সংশ্লিষ্ট প্রকৌশলী এবং ঠিকাদারদের দিক-নির্দেশনা দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনে (চসিক) ভারপ্রাপ্ত মেয়র আব্দুস সবুর লিটন। সোমবার সকালে আত্মবাদস্থ বড়পুল হতে চৌছালা পর্যন্ত সড়কে পঁয়চ ওয়ার্ক কাজ পরিদর্শন করতে গিয়ে তিনি বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা যে রূপকল্প-২০৪১ দিয়েছেন তা বাস্তবায়নে চট্টগ্রাম শহরের অবকাঠামো খাতকে চেলে সাজানো হচ্ছে। বাংলাদেশের অর্থনৈতিক গুরুত্ব বিবেচনায় বন্দর নগরী চট্টগ্রামকে সাজাতে না পারলে বড় বড় মেগা প্রকল্পের সুফল পাওয়া যাবে না। এই বিবেচনায় চট্টগ্রাম নগরীর সকল ছোট বড় সড়ক গুলোকে এই শুকনো মৌসুমের মধ্যে সংস্কার করে ঝকঝকে করে তুলতে হবে। তিনি সড়কের পঁয়চ ওয়ার্ক যে গুলো করা হচ্ছে তা যেন টেকসই হয় সে দিকে লক্ষ্য রাখতে সংশ্লিষ্ট প্রকৌশলীদের প্রতি আহ্বান জানান। এ সময় উপস্থিত ছিলেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু সালেহ, সহকারী প্রকৌশলী তৌহিদুল হাসান প্রমুখ।

চসিক ভ্রাম্যমাণ আদালত

অবৈধ দখলের দায়ে ৭ ব্যক্তিকে ২০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন নগরীর ডবলমুরিং ও পাহাড়তলী থানাস্থ সড়কের উভয় পাশের রাস্তা অংশ ও ফুটপাথ দখল করে ব্যবসা পরিচালনা করে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩